# FIRE SAFETY IN THE HOME

# বাড়ীর অভ্যন্তরীণ অগ্নি নিরাপত্তা

FIRE KILLS

YOU CAN PREVENT IT

BENGALI




## Did you know…?

- You're four times more likely to die in a fire if you don't have a smoke alarm that works.
- Around half of home fires are caused by cooking accidents.
- Two fires a day are started by candles.
- Every six days someone dies from a fire caused by a cigarette.
- About two fires a day are started by heaters.
- Faulty electrics (appliances, wiring and overloaded sockets) cause around 6,000 fires in the home across the country every year.

## আপনি জানেন কী…?

- সক্রিয় একটি স্মোক এ্যালার্ম না থাকলে অগ্নিকাণ্ডের ফলে আপনার মৃত্যুর সম্ভাবনা চার গুন বেশী।
- বাসা বাড়িতে সংঘটিত অগ্নিকাণ্ডের ঘটনাগুলোর প্রায় অর্ধেক রান্নাকালীন দুর্ঘটনার কারণে হয়ে থাকে।
- দৈনিক দুটি অগ্নিকাণ্ডের সূত্রপাত হয় মোমবাতির দ্বারা।
- প্রতি ছয় দিনে একজন ব্যক্তি সিগারেটের দ্বারা সংঘটিত অগ্নিকাণ্ডে মৃত্যুবরণ করে।
- প্রতিদিন প্রায় দুটি অগ্নিকাণ্ড সংঘটিত হয় হিটারের কারণে।
- ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক ব্যবস্থার (যন্ত্রপাতি, বৈদ্যুতিক তার ও ওভারলোডেড সকেট) কারণে দেশব্যাপী প্রতি বছর প্রায় 6000 গৃহস্থালি অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়।

# PROTECT YOUR HOME WITH SMOKE ALARMS

## স্মোক এ্যালার্ম ব্যবহার করে আপনার বাসা বাড়ি সুরক্ষিত রাখুন



**The easiest way to protect your home and family from fire is with working smoke alarms.**

**Get them. Install them. Test them. They could save your life.**

**আগুনের হাত থেকে আপনার বাসা বাড়ি ও পরিবারকে সুরক্ষিত রাখার সবচেয়ে সহজ উপায় হল সক্রিয় স্মোক এ্যালার্ম ব্যবহার করা।**

**এটি জোগাড় করুন। এটি লাগান। এটি পরীক্ষা করে দেখুন। এটি আপনার জীবন বাঁচাতে পারে।**



## Choosing your smoke alarms

## আপনার স্মোক অ্যালার্মগুলো কীভাবে বাছাই করবেন

- Fit at least one smoke alarm on every level of your home.
- Smoke alarms are cheap and easy to install.
- They are available from DIY stores, electrical shops and most high street supermarkets.
- There are a variety of different models to choose from. Your local fire and rescue service will be happy to give you advice on which one is best suited for you.
- Ten-year sealed battery smoke alarms are the best option. They are slightly more expensive, but you save on the cost of replacing batteries.
- Look out for one of these symbols, which shows the alarm is approved and safe.

- আপনার বাসা বাড়ির প্রত্যেকটি তলায় কমপক্ষে একটি করে স্মোক এ্যালার্ম লাগান।
- স্মোক এ্যালার্ম কম খরচে পাওয়া যায় এবং এটি স্থাপন করা সহজ।
- এগুলো DIY স্টোর, ইলেক্ট্রিক্যাল শপ ও হাই স্ট্রিট সুপার মার্কেটে পাওয়া যায়।
- বিভিন্ন মডেলের স্মোক এ্যালার্ম পাওয়া যায়। আপনার জন্য কোন মডেলটি সবচেয়ে উপযোগী এ ব্যাপারে আপনার স্থানীয় ফায়ার এন্ড রেসকিউ সার্ভিস আপনাকে পরামর্শ দিতে পেরে খুশী হবে।
- দশ বছর মেয়াদী সিল করা ব্যাটারি যুক্ত স্মোক এ্যালার্ম হল সবচেয়ে ভালো মানের। এগুলোর দাম সামান্য একটু বেশী, তবে ব্যাটারি প্রতিস্থাপনের খরচ আপনি বাঁচাতে পারবেন।
- এ্যালার্মটি অনুমোদিত এবং নিরাপদ কিনা তা নিশ্চিত হতে নিচের প্রতীকগুলোর মধ্যে যে কোনটি খুঁজে নিন।


**Top tip**
**গুরুত্বপূর্ণ পরামর্শ**



**Fit smoke alarms**
**স্মোক এ্যালার্ম স্থাপন করুন**

British Standard Kitemark

LPCB




সক্রিয় একটি স্মোক এ্যালার্ম আপনার জীবন বাঁচাতে পারে।

# How to make sure your smoke alarms work

**Test your smoke alarms at least monthly.**

- If any of your smoke alarms have a one year battery, make sure it is changed every year. Only take the battery out when you need to replace it.
- Never disconnect or take the batteries out of your alarm if it goes off by mistake.
- Standard battery operated alarms are the cheapest option, but the batteries need to be replaced every year.
- A lot of people forget to test the batteries, so longer life batteries are better.
- Mains-powered alarms are powered by your home power supply. They need to be installed by a qualified electrician, but like battery alarms, they do require testing.
- Testing smoke alarms tests the smoke sensor as well as the power supply and/or battery.
- You can even have linked alarms installed, so that when one alarm detects a fire they all go off together. This is useful if you live in a large house or over several levels.

Strobe light and vibrating-pad alarms are available for those who are deaf or hard of hearing. Contact the Action on Hearing Loss Information Line on **0808 808 0123** or textphone **0808 808 9000**.

# আপনার স্মোক অ্যালার্মগুলো সচল আছে কিনা তা নিশ্চিত করার উপায়

**কমপক্ষে মাসে একবার আপনার স্মোক এ্যালার্মগুলো পরীক্ষা করে দেখুন।**

- আপনার স্মোক অ্যালার্মের মধ্যে যদি কোনটির ব্যাটারির মেয়াদ এক বছরের হয় তাহলে সেসব স্মোক অ্যালার্মের ব্যাটারি প্রতিবছর পরিবর্তন করা নিশ্চিত করবেন। ব্যাটারি পাল্টানোর সময় হলেই এ্যালার্ম থেকে শুধুমাত্র ব্যাটারি বের করবেন।
- আপনার স্মোক এ্যালার্ম ভুলবশতঃ চালু হয়ে গেলে এটি কখনও বিচ্ছিন্ন করে রাখবেন না অথবা ব্যাটারিগুলো এ্যালার্ম হতে বের করে রাখবেন না।
- মানসম্মত ব্যাটারিচালিত এ্যালার্ম সবচেয়ে ভালো ব্যবস্থা, কিন্তু ব্যাটারি প্রতি বছর পরিবর্তন করতে হবে।
- অনেকেই ব্যাটারি পরীক্ষা করতে ভুলে যান, সুতরাং দীর্ঘমেয়াদী ব্যাটারি ব্যবহার করাই উত্তম।
- আপনার বাড়ির বিদ্যুৎ সরবরাহ হতে মেইন্স পাওয়ারড এ্যালার্মে বিদ্যুৎ সরবরাহ করা হয়। একজন দক্ষ বৈদ্যুতিক মিস্ত্রি দ্বারা এটি স্থাপন করতে হবে, তবে ব্যাটারি চালিত এ্যালার্মের মত এটি ও পরীক্ষা করা দরকার।
- পরীক্ষা করার জন্য থাকা স্মোক এ্যালার্মগুলো স্মোক সেন্সর পরীক্ষা করার পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ এবং / বা ব্যাটারিও পরীক্ষা করে।
- আপনি এমনকি একটি লিংক এ্যালার্মও লাগাতে পারেন যার ফলে একটি এ্যালার্ম আগুন সনাক্ত করতে পারার সাথে সাথে সবগুলো এ্যালার্ম একসাথে বেজে উঠবে। আপনি বড় একটি বাসা বা অনেকগুলো তলার একটি বাসাতে বসবাস করলে এই ব্যবস্থাটি উপযোগী।

বধির বা শ্রবণজনিত সমস্যা থাকা লোকদের জন্য স্ট্রোব লাইট এবং ভাইব্রেটিং প্যাড এ্যালার্মও পাওয়া যায়। একশন অন হিয়ারিং লস ইনফরমেশন লাইনে **0808 808 0123** নম্বরে বা **0808 808 9000** নম্বরে টেক্সট ফোনের মাধ্যমে যোগাযোগ করুন।


**Top tip**

**গুরুত্বপূর্ণ পরামর্শ**



**Test it**

**পরীক্ষা করুন**





# Fitting your smoke alarms


**The ideal position is on the ceiling, in the middle of a room, and on the hallway and landing, so you can hear an alarm throughout your home.**

- Don't put alarms in or near kitchens or bathrooms where smoke or steam can set them off by accident.
- If it is difficult for you to fit smoke alarms yourself contact your local fire and rescue service for help. They'll be happy to install them for you.


# আপনার স্মোক এ্যালার্ম স্থাপন

**স্মোক এ্যালার্ম স্থাপন করার আদর্শ স্থান হচ্ছে সিলিং, ঘরের মাঝামাঝি কোন স্থান অথবা হলওয়ে এবং ল্যান্ডিং এর উপর, যাতে আপনি পুরো বাড়ি জুড়েই এ্যালার্ম শুনতে পান।**

- রান্না ঘর বা বাথরুমের কাছাকাছি স্মোক এ্যালার্ম স্থাপন করবেন না। কারণ এসব স্থানে অকস্মাৎ ধোঁয়া বা বাষ্প স্মোক এ্যালার্ম চালিয়ে দিতে পারে।
- স্মোক এ্যালার্ম স্থাপন করা যদি আপনার জন্য কষ্টসাধ্য হয় তাহলে সাহায্যের জন্য আপনার স্থানীয় ফায়ার এন্ড রেসকিউ সার্ভিসের সাহায্য নিন। আপনার জন্য তারা সেটি সানন্দেই স্থাপন করবে।







## Looking after your smoke alarms

- Make testing your smoke alarms part of your regular household routine.
- Test them by pressing the button until the alarm sounds. If it doesn't sound, you need to replace the battery.
- If a smoke alarm starts to beep on a regular basis, you need to replace the battery immediately.
- If it is a ten year alarm, you will need to replace the whole alarm every ten years.

## Other equipment you could consider

- Fire blankets are used to put out a fire or wrap a person whose clothes are on fire. They are best kept in the kitchen.
- Fire extinguishers shoot out a jet to help control a fire. They are quick and simple to use, but always read the instructions first.
- Heat alarms can detect fires in kitchens where smoke alarms should not be placed.

## আপনার স্মোক অ্যালার্মের যত্ন নেয়া


- স্মোক এ্যালার্ম পরীক্ষণ আপনার গৃহস্থালি রুটিনের অংশ হিসেবে বিবেচনা করুন।
- এটি পরীক্ষার জন্য এ্যালার্ম বেজে ওঠা পর্যন্ত বোতাম চেপে রাখুন। এটা যদি আওয়াজ না করে তাহলে ব্যাটারি পরিবর্তন করা আপনার প্রয়োজন।
- আপনার স্মোক এ্যালার্ম যদি নিয়মিত বাজতে থাকে তাহলে দ্রুত এটির ব্যাটারি বদলানো উচিত।
- এটি যদি একটি দশ বছর মেয়াদী এ্যালার্ম হয় তাহলে পুরো এ্যালার্মটি দশ বছর অন্তর বদলাতে হবে।

## অন্যান্য যন্ত্রপাতি যা আপনি বিবেচনা করতে পারেন


- আগুন নেভাতে অগ্নি নির্বাপক কম্বল ব্যবহার করা যায় বা কোন ব্যক্তির কাপড়ে আগুন লাগলে তাকে কম্বলে মুড়িয়ে ফেলুন। এগুলো রান্না ঘরে রাখাই যুক্তিযুক্ত।
- অগ্নি নির্বাপক যন্ত্র আগুন নেভাতে জেট নিক্ষেপ করে। এগুলো দ্রুত এবং সহজেই ব্যবহার করা যায়, তবে সবসময় নির্দেশনাগুলো কে প্রথমে পড়ে নেবেন।
- হিট এ্যালার্মগুলো রান্নাঘরের আগুন সনাক্ত করতে পারে সুতরাং রান্নাঘরে স্মোক এ্যালার্ম লাগানো উচিত নয়।



**Test it**
**পরীক্ষা করুন**



**Change it**
**পরিবর্তন করুন**



**Replace it**
**প্রতিস্থাপন করুন**



# HOW TO PREVENT COMMON FIRES

**IN THE KITCHEN**
**ELECTRICS**
**CIGARETTES**
**CANDLES**

**This section will tell you how you can avoid fires in your home, including how to cook safely and take care with electrics, heaters, candles and cigarettes.**

বৈদ্যুতিক উৎস, সিগারেট, মোমবাতি দ্বারা সংঘটিত রান্না ঘরের সচরাচর অগ্নিকান্ড কীভাবে রোধ করা যায়

**আপনি কীভাবে আগুন এড়িয়ে নিরাপদে রান্না করতে পারেন এবং বৈদ্যুতিক উৎস, হিটার, মোমবাতি এবং সিগারেট ব্যবহারে সতর্ক থাকতে পারেন সে সম্পর্কে এই অংশটুকু আপনাকে ধারণা দেবে।**


# In the kitchen

## Cook safely


**Take extra care if you need to leave the kitchen whilst cooking, take pans off the heat or turn them down to avoid risk.**

- Avoid cooking when under the influence of alcohol.
- Avoid leaving children in the kitchen alone when cooking on the hob. Keep matches and sauce pan handles out of their reach to keep them safe.
- Make sure saucepan handles don't stick out – so they don't get knocked off the stove.
- Take care if you're wearing loose clothing – they can easily catch fire.
- Keep tea towels and cloths away from the cooker and hob.
- Spark devices are safer than matches or lighters to light gas cookers, because they don't have a naked flame.
- Double check the cooker is off when you've finished cooking

**Top tip**
**গুরুত্বপূর্ণ পরামর্শ**



**Keep out of reach**
**নাগালের বাইরে রাখুন**





## Take care with electrics

- Keep electrics (leads and appliances) away from water.
- Check toasters are clean and placed away from curtains and kitchen rolls.
- Keep the oven, hob and grill clean and in good working order. A build up of fat and grease can ignite a fire.

**Don't put anything metal in the microwave**

## Deep fat frying

- Take care when cooking with hot oil – it sets alight easily.
- Make sure food is dry before putting it in hot oil so it doesn't splash.
- If the oil starts to smoke – it's too hot. Turn off the heat and leave it to cool.
- Use a thermostat controlled electric deep fat fryer. They can't overheat.

## What to do if a pan catches fire

- Don't take any risks. Turn off the heat if it's safe to do so. Never throw water over it.
- Don't tackle the fire yourself.

**GET OUT**
**STAY OUT**
**AND CALL**
**999**






# রান্না ঘরে

## নিরাপদে রান্না করুন

**রান্নারত অবস্থায় আপনাকে যদি রান্নাঘর ত্যাগ করতে হয় তাহলে বাড়তি সতর্কতা অবলম্বন করুন, সসপ্যানগুলো আগুনের উপরে রাখবেন না বা ঝুঁকি এড়াতে আগুন নিভিয়ে রাখুন।**

- অ্যালকোহলের ঘোরে থাকলে রান্না করবেন না।
- হবে রান্নারত অবস্থায় বাচ্চাদের একাকী রান্না ঘরে রেখে যাবেন না। বাচ্চাদের নিরাপদের জন্য দিয়াশলাই ও সস প্যানের হ্যান্ডেল তাদের হাতের নাগালে রাখবেন না।
- সসপ্যানের হ্যান্ডেল যেন বের হয়ে না থাকে তা নিশ্চিত করুন – যাতে করে এগুলো ধাক্কা লেগে চুলা থেকে পড়ে না যায়।
- আপনি যদি ঢিলেঢালা কাপড় পরিধান করেন তাহলে অতিরিক্ত সতর্ক থাকুন – কারণ এগুলোতে সহজেই আগুন লাগতে পারে।
- টি-টাওয়েল (ধোয়া-মোছার কাপড়) এবং কাপড়-চোপড় চুলা ও হব থেকে দূরে রাখুন।
- গ্যাসের চুলা জ্বালাতে দিয়াশলাই বা লাইটার এর চেয়ে স্পার্ক (স্ফুলিঙ্গ) যন্ত্রই অধিক নিরাপদ, কারণ এগুলোতে উন্মুক্ত অগ্নিশিখা থাকে না।
- রান্না শেষ করার পর চুলাটি নেভানো কিনা সেটি দ্বিতীয়বার পরীক্ষা করুন।







## বৈদ্যুতিক যন্ত্রের পরিচর্যা

- বৈদ্যুতিক যন্ত্রাদি (লিড্স এবং সরঞ্জামাদি) পানি থেকে দূরে রাখুন।
- টোস্টারগুলো পরিষ্কার কিনা তা পরীক্ষা করুন এবং সেগুলোকে পর্দা ও কিচেন রোল থেকে দূরে রাখুন।
- আপনার ওভেন, হব এবং গ্রীল পরিষ্কার ও ভালোভাবে সচল রাখুন। জমে উঠা তেল চর্বি এবং গ্রীজ আগুনকে প্রজ্বলিত করতে পারে।

**মাইক্রোওয়েভের ভিতর ধাতব জাতীয় কোন কিছু রাখবেন না।**

## ডিপ ফ্যাট ফ্রাইং (বেশী তেলে ভাজা)

- উত্তপ্ত তেলের সাথে রান্না করার সময় সচেতন থাকুন – এ থেকে সহজেই আগুন লাগতে পারে।
- উত্তপ্ত তেলে খাবার দেবার আগে নিশ্চিত করুন যে তা শুষ্ক, যাতে তা না ছিটায়।
- তেল থেকে যদি ধোঁয়া বেরোতে শুরু করে তাহলে বুঝতে হবে তা অতিরিক্ত উত্তপ্ত। এই অবস্থায় আগুন নিভিয়ে দিয়ে তেল ঠাণ্ডা হতে দিন।
- থার্মোস্ট্যাট নিয়ন্ত্রিত বৈদ্যুতিক ডিপ ফ্যাট ফ্রাইয়ার ব্যবহার করুন। এগুলো অতিরিক্ত উত্তপ্ত হবে না।

## পাত্রে আগুন লাগলে করণীয়

- কোন ঝুঁকি নেবেন না। আগুন নেভানো নিরাপদ হলে তা নিভিয়ে দিন। কখনও এর উপর পানি ছিটাবেন না।
- আপনি নিজে নিজে আগুনের মোকাবিলা করবেন না।

**বের হোন**
**দূরে থাকুন**
**এবং ফোন করুন**
**999**



# Electrics

## How to avoid electrical fires


- Always check that you use the right fuse to prevent overheating.
- Make sure an electrical appliance has a British or European safety mark when you buy it.
- Certain appliances, such as washing machines, should have a single plug to themselves, as they are high powered.
- Try and keep to one plug per socket.
- When charging electrical goods, follow the manufacturer's instructions and look for the CE mark that indicates chargers comply with European safety standards.


# ইলেকট্রিক্স

## বৈদ্যুতিক অগ্নিকাণ্ড এড়ানোর উপায়

- অতিরিক্ত উত্তপ্ত অবস্থা প্রতিরোধে আপনি সঠিক ফিউজ ব্যবহার করছেন কিনা সে ব্যাপারে সর্বদা নিশ্চিত থাকুন।
- বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়ের সময় তাতে ব্রিটিশ বা ইউরোপিয়ান নিরাপত্তা চিহ্ন আছে কিনা নিশ্চিত হউন।
- কিছু সরঞ্জামাদি, যেমন ওয়াশিং মেশিনের ক্ষেত্রে একটি মাত্র প্লাগ থাকে, কেননা এগুলো উচ্চ বৈদ্যুতিক ক্ষমতাসম্পন্ন।
- প্রত্যেক সকেটে একটি প্লাগ রাখার চেষ্টা করুন।
- বৈদ্যুতিক সরঞ্জামাদি চার্জের সময় প্রস্তুতকারকের নির্দেশাবলী মেনে চলুন এবং CE মার্কটি খুঁজে দেখুন যেটি ইউরোপিয়ান নিরাপত্তা মানদণ্ড মেনে চলা নির্দেশ করে।

### Top tip
গুরুত্বপূর্ণ পরামর্শ






**Don't overload**

**ওভারলোড করবেন না**

**5 AMP + 5 AMP + 3 AMP = 13 AMP**



### Know the limit!

**An extension lead or adaptor will have a limit to how many amps it can take, so be careful not to overload them to reduce the risk of a fire.**

**Appliances use different amounts of power – a television may use a 3amp plug and a vacuum cleaner a 5amp plug for example.**

### বৈদ্যুতিক সীমা সম্পর্কে নিশ্চিত হোন

**একটি এক্সটেনশন লিড বা এডাপ্টর কত এ্যাম্প (amp) নিতে পারে তার একটি সীমা আছে, কাজেই অগ্নিকাণ্ডের ঝুঁকি কমানোর জন্য এগুলো যাতে ওভারলোড না হয় সে ব্যাপারে সতর্ক থাকুন।**

**বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জামাদি বিভিন্ন মাত্রার বিদ্যুৎ ব্যবহার করে – উদাহরণস্বরূপ; একটি টেলিভিশন 3 এ্যাম্প (amp) প্লাগ ব্যবহার করে এবং একটি ভ্যাকুয়াম ক্লিনার 5 এ্যাম্প (amp) প্লাগ ব্যবহার করে।**



**Keep electrical appliances clean and in good working order to prevent them triggering a fire.**

- Keep your eyes peeled for signs of dangerous or loose wiring such as scorch marks, hot plugs and sockets, fuses that blow or circuit-breakers that trip for no obvious reasons, or flickering lights.
- Check and replace any old cables and leads, especially if they are hidden from view – behind furniture or under carpets and mats.
- Unplugging appliances helps reduce the risk of fire.
- Unplug appliances when you're not using them or when you go to bed.

### Furniture

- Always ensure that your furniture has the fire-resistant permanent label.

### Portable heaters

- Try to secure heaters up against a wall to stop them falling over.
- Keep them clear from curtains and furniture and never use them for drying clothes.

### Using an electric blanket

- Store electric blankets flat, rolled up or loosely folded to prevent damaging the internal wiring.
- Unplug blankets before you get into bed, unless it has a thermostat control for safe all-night use.
- Try not to buy second hand blankets and check regularly for wear and tear.
- Always follow the manufacturer's instructions.




**বৈদ্যুতিক সরঞ্জাম পরিষ্কার রাখুন এবং অগ্নিকাণ্ড প্রতিরোধের জন্য সেগুলোকে সঠিকভাবে সচল রাখুন।**

- এসব জিনিষের ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে, বিপদজনক অথবা আলগা ওয়্যারিং যেমন – ঝলসানো চিহ্ন, গরম প্লাগ এবং সকেটসমূহ, কোন কারণ ছাড়াই যেসব ফিউজ জ্বলে যায় অথবা যেসব সার্কিট ব্রেকার বন্ধ হয়ে যায় অথবা যেসব লাইট কাঁপতে থাকে।
- কোন পুরাতন কেবল্‌স এবং লিড্‌স পরীক্ষণ এবং পুনঃস্থাপন করুন, বিশেষত আসবাবপত্রের পিছনে অথবা কার্পেট এবং মাটির নীচে সেগুলো যদি চোখের আড়ালে থাকে।
- প্লাগ খুলে রাখা সরঞ্জামাদি আগুনের ঝুঁকি কমাতে সাহায্য করে।
- যখন আপনি সরঞ্জামাদি ব্যবহার করবেন না অথবা ঘুমোতে যাবার পূর্বে সেগুলোর প্লাগ খুলে রাখুন।

### বহনযোগ্য হিটারসমূহ

- হিটার যাতে পড়ে না যায় সেজন্য এটিকে একটি দেয়ালের সাথে নিরাপদে আটকে রাখবেন।
- পর্দা এবং আসবাবপত্র থেকে সেগুলোকে দূরে রাখুন এবং কাপড় শুকানোর জন্য এগুলোকে ব্যবহার করবেন না।

### বৈদ্যুতিক কম্বলের ব্যবহার

- অভ্যন্তরীণ ওয়্যারিং যাতে নষ্ট না হয় সেজন্য বৈদ্যুতিক কম্বলগুলোকে বিছিয়ে, রোল করে বা ঢিলে ঢালাভাবে ভাঁজ করে রাখবেন।
- ঘুমোতে যাবার আগে কম্বলগুলোর প্লাগ খুলে রাখুন যদি না নিরাপদ ভাবে সারারাত ব্যবহারের জন্য এটির মধ্যে থার্মোস্টাট কন্ট্রোল (উষ্ণতা নিয়ন্ত্রণের ক্ষমতা) না থাকে।
- পুরনো কম্বল না কেনার চেষ্টা করুন এবং কোন জায়গায় ছেঁড়া ও ফাটা আছে কিনা সেটা নিয়মিত পরীক্ষা করুন।
- সর্বদা প্রস্তুতকারকের নির্দেশাবলী মেনে চলুন।

### আসবাবপত্র

- সর্বদা নিশ্চিত করুন যে আপনার আসবাবপত্রে আগুন প্রতিরোধের স্থায়ী লেবেল আছে।

## Cigarettes

**Stub cigarettes out properly and dispose of them carefully. Put them out. Right out!**

- Never smoke in bed.
- Use a proper ashtray – never a wastepaper basket.
- Make sure your ashtray can't tip over and is made of a material that won't burn.
- Don't leave a lit cigarette, cigar or pipe lying around. They can easily fall over and start a fire.
- Take extra care if you smoke when you're tired, taking prescription drugs, or if you've been drinking. You might fall asleep and set your bed or sofa on fire.
- Keep matches and lighters out of children's reach.
- Consider buying child resistant lighters and match boxes.

## সিগারেট

**সিগারেট সঠিকভাবে নিভিয়ে সতর্কতার সাথে ফেলুন। এগুলো নিভিয়ে ফেলুন। সম্পূর্ণভাবে নিভিয়ে দিন!**

- বিছানায় কখনও ধূমপান করবেন না।
- একটি উপযুক্ত এ্যাশট্রে (ছাইদানি) ব্যবহার করুন – ময়লা কাগজ ফেলার বাক্স কখনোই ব্যবহার করবেন না।
- নিশ্চিত হউন যাতে আপনার ছাইদানি উল্টে না যায় এবং সেটা এমন বস্তু দ্বারা তৈরি সেটি যেন না পুড়ে।
- জ্বলন্ত সিগারেট, সিগার এবং পাইপ রেখে কোথাও যাবেন না। এগুলো পড়ে গিয়ে অতি সহজেই আগুন ছড়াতে পারে।
- আপনি যদি ক্লান্ত থাকেন অথবা ডাক্তারের পরামর্শে ঔষধ সেবন করছেন অথবা মদ্যপান করেন তাহলে ধূমপানের সময় অধিক সতর্ক থাকবেন। আপনি ঘুমিয়ে পড়তে পারেন এবং আপনার বিছানা বা সোফায় আগুন ধরে যেতে পারে।
- দিয়াশলাই ও লাইটার শিশুদের নাগালের বাইরে রাখুন।
- শিশুদের ব্যবহার অনুপযোগী লাইটার এবং দিয়াশলাই বাক্স কেনার ব্যাপারটি বিবেচনা করুন।

**Top tip**
**গুরুত্বপূর্ণ পরামর্শ**







**Put them out. Right out!**
**এগুলো নিভিয়ে ফেলুন। সম্পূর্ণভাবে নিভিয়ে দিন!**

**Matchboxes now carry this warning label**




**দিয়াশলাইয়ের বাক্সগুলো এখন এই ধরণের সতর্কতামূলক লেবেল বহন করে।**



## Candles

**Make sure candles are secured in a proper holder and away from materials that may catch fire – like curtains.**


- Put candles out when you leave the room, and make sure they're put out completely at night.
- Children shouldn't be left alone with lit candles.
- Keep pets away from lit candles.

## মোমবাতি

**উপযুক্ত মোমদানিতে মোমবাতিগুলো রাখা নিশ্চিত করুন এবং সহজেই আগুন ধরতে পারে এমন বস্তু, যেমন- পর্দা হতে দূরে রাখুন।**

- আপনি কক্ষ ত্যাগ করার সময় মোমবাতি নিভিয়ে ফেলুন এবং রাতের বেলা এগুলো যাতে সম্পূর্ণরূপে নিভিয়ে রাখা হয় তা নিশ্চিত করুন।
- জ্বলন্ত মোমবাতির কাছাকাছি জায়গায় বাচ্চাদের একা ছাড়বেন না।
- পোষা জীবজন্তুদের জ্বলন্ত মোমবাতির কাছ থেকে দূরে রাখবেন।

**Top tip**
**গুরুত্বপূর্ণ পরামর্শ**





**Be careful with candles**
**মোমবাতির ব্যবহারে সতর্ক থাকবেন**



# PLAN A SAFE ESCAPE

# নিরাপদে বহির্গমনের পরিকল্পনা

**Fitting smoke alarms is the first crucial step to protecting yourself from fire. But what would you do if one went off during the night?**

**This section will help you make a plan ready for an emergency.**

**আগুন থেকে আপনাকে রক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায় হচ্ছে একটি স্মোক এ্যালার্ম স্থাপন করা। কিন্তু রাতে এটি বন্ধ হয়ে গেলে আপনি কী করবেন?**

**জরুরী অবস্থা মোকাবেলায় একটি পরিকল্পনা প্রণয়নে এই অধ্যায়টি আপনাকে সাহায্য করবে।**




## Be prepared by making a plan of escape

- Plan an escape route and make sure everyone knows how to escape.
- Make sure exits are kept clear.
- The best route is the normal way in and out of your home.
- Think of a second route in case the first one is blocked.
- Take a few minutes to practise your escape plan.
- Review your plan if the layout of your home changes.

## বহির্গমনের পরিকল্পনা প্রণয়ন করে প্রস্তুত থাকুন

- বহির্গমন পথের ব্যাপারে পরিকল্পনা করুন এবং সবাই যেন বহির্গমনের পথটি জানে তা নিশ্চিত করুন।
- বহির্গমনের পথগুলো যেন পরিষ্কার থাকে তা নিশ্চিত করুন।
- ঘরে ঢোকার এবং বাহির হওয়ার স্বাভাবিক পথটিই সবচেয়ে ভালো।
- একটি দ্বিতীয় পথও ভেবে রাখুন যেন প্রথম পথটি বন্ধ থাকলে ব্যবহার করতে পারেন।
- আপনার বহির্গমনের পরিকল্পনা অনুশীলনের জন্য কিছু সময় বের করে নিন।
- আপনার বাড়ির নকশা পরিবর্তিত হলে পরিকল্পনাটি পুনর্বিবেচনা করুন।




**Keep door and window keys where everyone can find them**

**দরজার এবং জানালার চাবিগুলো সকলের নাগালের মধ্যে রাখুন**

### Top tip
### গুরুত্বপূর্ণ পরামর্শ





**Plan an escape route**

**একটি বহির্গমন পথ পরিকল্পনা করুন**

## What to do if there is a fire

## আগুন লাগলে করণীয়

**Don't tackle fires yourself. Leave it to the professionals.**

- Keep calm and act quickly, get everyone out as soon as possible.
- Don't waste time investigating what's happened or rescuing valuables.
- If there's smoke, keep low where the air is clearer.
- Before you open a door check if it's warm. If it is, don't open it – fire is on the other side.
- Call 999 as soon as you're clear of the building. 999 calls are free.

**আপনি নিজে নিজে আগুন মোকাবেলা করবেন না। এই কাজটি পেশাদারদের করতে দিন।**

- শান্ত থাকুন এবং দ্রুত কাজ করুন, সবাইকে যত তাড়াতাড়ি সম্ভব বের করে নিন।
- কি ঘটেছিল তা অনুসন্ধান করতে অথবা মূল্যবান জিনিস উদ্ধারে সময় অপচয় করবেন না।
- ধোঁয়া থাকলে, মাথা নিচু রাখুন কারণ নিচের দিকে বাতাস পরিষ্কার থাকে।
- দরজা খোলার আগে সেটা গরম কি না পরীক্ষা করে নিন। দরজা যদি গরম হয়, তাহলে দরজা খুলবেন না - কারণ বাইরের দিকেই আগুন রয়েছে।
- ভবন থেকে বের হওয়ার সাথে সাথে 999 নম্বরে ফোন করুন। 999 নম্বরে ফোন করতে কোন খরচ হয় না।

### Top tip
### গুরুত্বপূর্ণ পরামর্শ




**Get out, stay out and call 999**

**বের হোন, দূরে অবস্থান করুন এবং 999 নম্বরে ফোন করুন**

## What to do if your escape is blocked

## বহির্গমন পথ অবরুদ্ধ থাকলে আপনার করণীয়

**If you can't get out, get everyone into one room, ideally with a window and a phone.**

- Put bedding around the bottom of the door to block out the smoke.
- Call 999 then open the window and shout "HELP FIRE".
- If you're on the ground or first floor, you may be able to escape through a window.
- Use bedding to cushion your fall and lower yourself down carefully. Don't jump.
- If you can't open the window break the glass in the bottom corner. Make jagged edges safe with a towel or blanket.

**যদি আপনি বের হতে না পারেন, তাহলে সবাইকে নিয়ে একটি কক্ষে অবস্থান করুন, ভাল হয় যদি সেই কক্ষে একটি জানালা এবং একটি টেলিফোনের ব্যবস্থা থাকে।**

- দরজার তলদেশে বিছানা, কম্বল ইত্যাদি রাখুন যাতে ধোঁয়া ভেতরে প্রবেশ করতে না পারে।
- 999 নম্বরে ফোন করুন, এরপর জানালা খুলুন এবং 'আগুন লেগেছে! সাহায্য করুন!' বলে চিৎকার করুন।
- আপনি যদি নিচতলা অথবা প্রথম তলায় থাকেন, তাহলে হয়তো জানালা দিয়ে বেরিয়ে যেতে সমর্থ হবেন।
- নামার সময় বিছানা, কম্বল ইত্যাদি গদি হিসেবে ব্যবহার করুন এবং সাবধানে নিচের দিকে ঝুঁকে পড়বেন। কখনও লাফ দিবেন না।
- যদি জানালা খুলতে না পারেন তাহলে নিচের কোণার অংশ ভেঙ্গে ফেলুন। ভাঙ্গার পর নিরাপত্তার জন্য ধারালো প্রান্তগুলোকে টাওয়াল অথবা কম্বল দিয়ে পেঁচিয়ে নিন।



## What to do if your clothes catch fire

## আপনার কাপড়ে আগুন লাগলে করণীয়

- Don't run around, you'll make the flames worse.
- Lie down and roll around. It makes it harder for the fire to spread.
- Smother the flames with a heavy material, like a coat or blanket.
- Remember, Stop, Drop and Roll!

- এদিক – সেদিক দৌড়াদৌড়ি করবেন না, এতে করে আগুন আরও বেড়ে যেতে পারে।
- শুয়ে পড়ুন এবং গড়াগড়ি খান। তাহলে আগুন সহজে ছড়াতে পারবে না।
- ভারি কোন কিছু যেমন- কোর্ট অথবা কম্বল দিয়ে চেপে আগুন প্রশমিত করুন।
- মনে রাখবেন, থামুন, শুয়ে পড়ুন এবং গড়াগড়ি খান!



**STOP!** থামুন! **DROP!** শুয়ে পড়ুন! **ROLL!** গড়াগড়ি খান!



## How to escape from a high level building

## বহুতল ভবন থেকে কীভাবে বের হবেন

- As with all buildings, you should plan and practise an escape route.
- Avoid using lifts and balconies if there is a fire.
- It is easy to get confused in smoke, so count how many doors you need to go through to reach the stairs.
- Check there is nothing in the corridors or stairways that could catch fire – like boxes or rubbish.
- Make sure doors to stairways are not locked.
- Make sure everyone in the building knows where the fire alarms are.
- You should still get a smoke alarm for your own home, even if there is a warning system in the block.

- সকল ভবনের জন্যই বহির্গমন পথের পরিকল্পনা ও সেটি ব্যবহারের অনুশীলন করা উচিত।
- লিফট এবং ব্যালকনি পরিহার করুন যদি সেখানে আগুন লেগে থাকে।
- ধোঁয়ার মাঝে আপনি খুব সহজেই বিভ্রান্ত হতে পারেন, আর তাই সিঁড়ি পর্যন্ত পৌঁছাতে আপনাকে কয়টি দরজা অতিক্রম করতে হবে তা মনে মনে ঠিক করে নিন।
- আগুন লেগে যেতে পারে এমন কিছু যেন না করিডোরে অথবা সিঁড়ি পথে না থাকে, যেমন – বাক্স বা বর্জ্য আছে কিনা তা পরীক্ষা করে নিন।
- সিঁড়িপথে যাবার দরজা বন্ধ নেই এ ব্যাপারে নিশ্চিত হউন।
- নিশ্চিত করুন যে ভবনের সবাই ফায়ার অ্যালার্মের অবস্থান সম্পর্কে অবহিত আছে।
- ব্লকটির ভেতরে একটি সতর্কীকরণ ব্যবস্থা থাকলেও আপনার নিজ বাড়ির জন্যে একটি স্মোক এ্যালার্ম রাখা উচিত।



পরিষ্কার রাখুন



# MAKE A BEDTIME CHECK

# ঘুমাতে যাবার আগে পরীক্ষা করুন

**You are more at risk from a fire when asleep. So it's a good idea to check your home before you go to bed.**

**ঘুমন্ত অবস্থায় আপনি অগ্নিকাণ্ডের শিকার হবার অধিকতর ঝুঁকির মধ্যে থাকেন। আর তাই ঘুমানোর পূর্বে ঘরবাড়ি পরীক্ষা করে নেয়াটাই উত্তম।**






## Check list

- Close inside doors at night to stop a fire from spreading. ☐
- Turn off and unplug electrical appliances unless they are designed to be left on – like your freezer. ☐
- Check your cooker is turned off. ☐
- Don't leave the washing machine on. ☐
- Turn heaters off and put up fireguards. ☐
- Put candles and cigarettes out properly. ☐
- Make sure exits are kept clear. ☐
- Keep door and window keys where everyone can find them. ☐

## চেক লিস্ট


- অগ্নি বিস্তার রোধ করতে রাত্রে ঘরের আভ্যন্তরীণ দরজাগুলো বন্ধ রাখুন। ☐
- সকল ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ রাখুন এবং সকেট থেকে প্লাগ খুলে রাখুন, যদি না সেগুলো চালু অবস্থায় রাখার জন্য তৈরি করা হয়ে থাকে যেমন- আপনার ফ্রিজ। ☐
- চুলা বন্ধ আছে কিনা পরীক্ষা করুন। ☐
- ওয়াশিং মেশিন চালু অবস্থায় রেখে যাবেন না। ☐
- হিটার বন্ধ রাখুন এবং অগ্নি প্রতিরোধক স্থাপন করুন। ☐
- মোমবাতি এবং সিগারেট সঠিকভাবে নিভিয়ে ফেলুন। ☐
- ঘর হতে বহির্গমন পথ পরিষ্কার আছে কিনা তা নিশ্চিত করুন। ☐
- দরজা এবং জানালার চাবি এমন স্থানে রাখুন যেন সবাই খুঁজে পায়। ☐

### Top tip
### গুরুত্বপূর্ণ পরামর্শ




**Close inside doors at night**

**ঘরের অভ্যন্তরীণ দরজাগুলো বন্ধ রাখুন**



# SMOKE ALARMS SAVE LIVES

In the event of a fire, get out, stay out and call 999. For further fire safety information contact your local fire and rescue service (not 999). Or visit www.facebook.com/firekills

©Crown Copyright 2017

Published by the Home Office, June 2017

Version 3

# স্মোক অ্যালার্ম জীবন রক্ষা করে

অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে, বের হোন, দূরে অবস্থান করুন এবং 999 নম্বরে ফোন করুন অগ্নি নিরাপত্তার ব্যাপারে আরও তথ্য জানতে আপনার স্থানীয় ফায়ার এন্ড রেসকিউ সার্ভিসের সাথে যোগাযোগ করুন (999 নম্বরে নয়) অথবা www.facebook.com/firekills ওয়েবসাইটটি দেখুন।

© ক্রাউন কপিরাইট 2017

হোম অফিস কর্তৃক প্রকাশিত, জুন 2017

সংস্করণ 3